

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭২০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২১. কোন কিছুই সামনে দিয়ে অতিক্রম করলে নামায নষ্ট হয় না।

باب مَنْ قَالَ لاَ يَقْطَعُ الصَّلاَةَ شَيْءُ

## আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا مُجَالِدٌ، حَدَّثَنَا أَبُو الْوَدَّاكِ، قَالَ مَرَّ شَابُ مِنْ قُرَيْشٍ بَيْنَ يَدَى أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ وَهُوَ يُصلِّي فَدَفَعَهُ ثُمَّ عَادَ فَدَفَعَهُ ثَلاثَ مَرَّاتٍ فَلَمَّا انْصَرَفَ قَالَ إِنَّ الصَّلاَةَ لاَ يَقْطَعُهَا شَى وَلَكِنْ قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " ادْرَءُوا مَا اسْتَطَعْتُمْ فَإِنَّهُ شَيْطَانٌ " . قَالَ أَبُو دَاوُدَ إِذَا تَنَازَعَ الْخَبَرَانِ عَنْ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم نُظِرَ إِلَى مَا عَمِلَ بِهِ أَصِدَابُهُ مِنْ بَعْدِهِ .

#### বাংলা

৭২০. মুসাদ্দাদদ ..... আবূল-ওয়াদ্দাক বলেন, আবূ সাঈদ আল-খুদ্রী (রাঃ) নামায আদায়ের সময় তার সামনে দিয়ে এক ব্যক্তি গমন করতে চাইলে তিনি তাকে বাধা দেন। পুনঃ ঐ ব্যক্তি যেতে চাইলে তিনি আবারও তাকে বাধা দেন। এইরূপে তিনি তিন বার তাকে বাধা দেন। অতঃপর তিনি নামায শেষে বলেন, (নামাযের সামনে দিয়ে অতিক্রমকারী) কোন কিছুই নামায নষ্ট করতে পারে না। তবে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ নামাযের সামনে দিয়ে গমনকারীকে তোমরা যথাসম্ভব বাধা দিবে। কেননা সে একটি শয়তান।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুই হাদীছের মধ্যে যদি বৈপরিত্য দেখা দেয় তবে দেখতে হবে- তার পরে তাঁর সাহাবীগণ কোন হাদীছের উপর আমল করেছেন (তা গ্রহণযোগ্য বিবেচিত হবে)।

# **English**

### Abu al-Waddak said:

A youth from the Quraish passed in front of Abu Sa'id al-Khudri who was praying. He repulsed him. He returned again. He then repulsed him for the third time. When he finished the prayer, he said: Nothing cuts off prayer; but



the Messenger of Allah () said: Repulse as much as you can, for he is just a devil.

Abu Dawud said: If two traditions of the prophet(ﷺ) conflict, the practice of the Companions after him should be taken into consideration.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন